

61

অগ্নিকাণ্ডে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্ষতি হইয়াছে অপূরণীয়

হোসেন আল মামুন ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৫টি বিভাগের বিভিন্ন ব্যাচের অনার্স ও মাস্টার্সের সহস্রাধিক ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চয়তার মুখে পড়িয়াছে। বিভাগ ৫টি হইতেছেঃ ইংরেজী, বাংলা, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা এবং (১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

আইন। গত শনিবার নাশকতামূলকভাবে অগ্নিসংযোগের ফলে পরীক্ষা নিয়ন্ত্রক কার্যালয়ের যে কক্ষটি ভস্মীভূত হইয়াছে, তাহাতে উক্ত ৫টি বিভাগের যাবতীয় গুরুত্বপূর্ণ কাগজ-ফাইলপত্র ও পরীক্ষার খাতা সংরক্ষিত ছিল। এসব খাতা-ফাইল পুড়িয়া ছাই হইয়া গিয়াছে। পরীক্ষা নিয়ন্ত্রক আমজাদ হোসেন ইন্তেফাককে জানান, এই অগ্নিসংযোগে বিশ্ববিদ্যালয়ের অপূরণীয় ক্ষতি হইয়াছে। শীঘ্রই ক্ষয়-ক্ষতির যাবতীয় বিষয় চিহ্নিত করা হইবে। তবে ক্ষতিপূরণ এবং উদ্ভূত সমস্যাগুলির সমাধান প্রক্রিয়া খুবই জটিল হইবে বলিয়া তিনি জানান।

উক্ত অগ্নিসংযোগের ব্যাপারে কর্তৃপক্ষ কুষ্টিয়া থানায় জিডি করিয়াছে। পুলিশ বিষয়টির তদন্ত শুরু করিয়াছে। পুলিশের ধারণা, অনুষ্ঠানরত ভর্তি পরীক্ষা বানচাল করিতে আন্দোলনরত পক্ষগুলির কর্মীরা এহেন কাজ ঘটাইয়াছে। তবে পুলিশ গতকাল (রবিবার) পর্যন্ত এ ঘটনায় কাহাকেও গ্রেফতার করে নাই।

আজ হইতে কুষ্টিয়া-ঝিনাইদহে লাগাতার অবরোধ

এদিকে ৪৮ ঘন্টা হরতাল পালনশেষে গতকাল (রবিবার) ছাত্রদল আজ (সোমবার) হইতে ক্যাম্পাসসহ কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলায় লাগাতার অবরোধের কর্মসূচী দিয়াছে। এ বছরের ডায়েরী হইতে জিয়ার নাম বাদ দেওয়ার প্রতিবাদসহ বেশকিছু দাবীতে এই অবরোধ কর্মসূচী আত্মন করা হইয়াছে। ভর্তি পরীক্ষা অবরোধের আওতায় থাকিবে।